জেলা পরিষদ
দিনাজপুর
www.zpdinajpur.gov.bd

## খেয়াঘাট ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

স্মারক নং: জেপদি/এক-০৩/২০২৪-২৫/ ২৪৭

তারিখ: ১৩ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
২৬ ফেব্রুয়ারি২০২৫ খ্রিস্টাব্দ

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ জেলা পরিষদের অধীন নিম্নবর্ণিত খেয়াঘাটটি বাংলা ১৪৩২ বঙ্গাব্দের জন্য ইজারা প্রদানের নিমিত্ত নিম্নলিখিত শর্তে দরপত্র আহবান করা যাচ্ছে ।

**"দরপত্র সময় সুচী"**

| দরপত্র ডাকের দফা | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান | দরপত্র ক্রয় ও দাখিলের স্থান |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ম দফা | ০৫/০৩/২০২৫ | ০৬/০৩/২০২৫ খ্রি: সকাল ৯.০০ হতে দুপুর ১.০০ টা পর্যন্ত | ০৬/০৩/২০২৫খ্রি: বিকাল- ৩.০০ টায় জেলা পরিষদ, দিনাজপুর | জেলা পরিষদ, দিনাজপুর। জেলা প্রশাসক কার্যলয়, দিনাজপুর। উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যলায়, বীরগঞ্জ, দিনাজপুর। |
| ২য় দফা | ১২/০৩/২০২৫ | ১৩/০৩/২০২৫ খ্রি: সকাল ৯.০০ হতে দুপুর ১.০০ টা পর্যন্ত | ১৩/০৩/২০২৫ খ্রি: বিকাল- ৩.০০ টায় জেলা পরিষদ, দিনাজপুর | |
| ৩য় দফা | ১৯/০৩/২০২৫ | ২০/০৩/২০২৫ খ্রি: সকাল ৯.০০ হতে দুপুর ১.০০ টা পর্যন্ত | ২০/০৩/২০২৫খ্রি: বিকাল- ৩.০০ টায় জেলা পরিষদ, দিনাজপুর | |

**শর্তাবলী**

০১। জয়ন্তীয়া খেয়াঘাটের সিডউল ৫০০/- টাকা (অফেরতযোগ্য) মূল্যে ক্রয় করা যাবে।
০২। দরপত্র দাখিলের সময় দরপত্রের সাথে প্রদত্ত দরের ২৫% (পঁচিশ শতাংশ) হারে জামানত হিসেবে ব্যাংক ড্রাফট "প্রধান নির্বাহী কর্মকর্তা" জেলা পরিষদ, দিনাজপুর এর অনুকুলে দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।
০৩। নির্ধারিত তারিখে দাখিলের জন্য বিক্রিত সিডিউল পরবর্তী দফার ক্ষেত্রে পুনঃ ব্যবহার যোগ্য হবে না। ১ম দফার দরপত্রে সন্তোষজনক দর পাওয়া না গেলে একইভাবে পর্যায়ক্রমে ২য় ও ৩য় দফায় দরপত্র আহবানের কার্যক্রম চলমান থাকবে।
০৪। দরপত্র দাখিলের সময় দরপত্রের সংগে মোবাইল নম্বর ও পৌরসভা/ইউ.পি চেয়ারম্যান এর নিকট হতে নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে।
০৫। দরপত্র অনুমোদনের ০৩(তিন) দিনের মধ্যে প্রদত্ত দরসহ দরের শতকরা ১০% আয়কর এবং ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) জমা দিতে হবে এবং ৩০০/- টাকা মূল্যের নন-জুডিসিয়াল ষ্ট্যাম্পে চুক্তি পত্র সম্পাদন করতে হবে। অন্যথায় দাখিলকৃত ব্যাংক ড্রাফট বাজেয়াপ্ত করা হবে এবং পুনঃ দরপত্রের ব্যবস্থা গ্রহন করা হবে।
০৬। দরপত্রের তথ্যাদি স্পষ্টভাবে লিখতে হবে। কোন প্রকার অস্পষ্টতা বা কাটাকাটি থাকলে দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
০৭। যাবতীয় পাওনা জমা প্রাপ্তির পর ইজারা প্রদান বিষয়ে চুক্তিপত্র স্বাক্ষর অন্তে ইজারা কার্যক্রম শুরু হবে।
০৮। সরকার নির্ধারিত হারে টোল আদায় করতে হবে। টোল আদায়ের হার সাইন বোর্ডে উল্লেখ পূর্বক ঘাটে প্রকাশ্য স্থানে প্রদর্শন করতে হবে।
০৯। ইজারাদার ঘাট অন্য কাউকে ইজারা বা সাব ইজারা প্রদান করতে পারবেন না।
১০। ঘাটের ইজারা গ্রহনের সময়সীমা শেষ হওয়ার সংগে সংগে জেলা পরিষদের অনুকূলে দখল ছেড়ে দিতে সংশ্লিষ্ট ইজারাদার বাধ্য থাকবেন ।
১১। যে কোন কারন দর্শানো ব্যাতিরেকেই দরপত্রের দর গ্রহন বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
১২। এছাড়াও এতদসংক্রান্ত সরকার কর্তৃক আরোপিত বিধি আলোচ্য ক্ষেত্রে প্রযোজ্য হবে।

**খেয়াঘাটের নাম:** দিনাজপুর জেলার বীরগঞ্জ উপজেলাস্থ "জয়ন্তীয়া খেয়াঘাট" ।

২৬/০২/২৫
সহকারী প্রকৌশলী
জেলা পরিষদ, দিনাজপুর।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে
০১। প্রশাসক, জেলা পরিষদ, দিনাজপুর।
০২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, দিনাজপুর।
০৩। পুলিশ সুপার, দিনাজপুর।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধ সহ
০৪। উপপরিচালক, স্থানীয় সরকার বিভাগ, দিনাজপুর। নির্ধারিত তারিখে টেন্ডার বাক্স স্থাপন, বিক্রিত সিডিউলের অর্থ, অবিক্রিত সিডিউল এবং গ্রহণকৃত দরপত্র নির্ধারিত তারিখে বিকাল ২.৩০ ঘটিকার মধ্যে অত্র পরিষদে প্রেরনের সদয় ব্যবস্থা গ্রহনের জন্য বিনীত অনুরোধ করা হলো।
০৫। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ/এলজিইডি/গণপূর্ত/পানি উন্নয়ন বোর্ড/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্ত, সদর হাসপাতাল, দিনাজপুর ।
০৬। উপজেলা নির্বাহী অফিসার, বীরগঞ্জ, দিনাজপুর। তাঁহাকে নির্ধারিত তারিখে টেন্ডার বাক্স স্থাপন, বিক্রিত সিডিউলের অর্থ, অবিক্রিত সিডিউল এবং গ্রহণকৃত দরপত্র নির্ধারিত তারিখে বিকাল ২.৩০ ঘটিকার মধ্যে এ পরিষদে প্রেরনের জন্য সদয় ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
০৭। অফিসার ইনচার্জ, বীরগঞ্জ থানা।
০৮। দারোয়ান-কাম-কেয়ারটেকার, বীরগঞ্জ ডাকবাংলো, জেলা পরিষদ, দিনাজপুর।
০৯। জনাব ........................................................................................................., দিনাজপুর।